



## শিক্ষার্থীবৃন্দের প্রতি ট্যাবলেট ব্যবহার নির্দেশিকা

- ১। শিক্ষার্থীবৃন্দ মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে বিতরণকৃত ট্যাবলেটসমূহ শিক্ষা সহায়ক উপকরণ হিসেবে ব্যবহার করবেন ও বিতরণকৃত ট্যাবলেটসমূহ তাদের নিজস্ব ব্যবহারের নিমিত্ত অফেরতযোগ্য হিসেবে বিবেচিত হবে।
- ২। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ ব্যবহৃত এসকল ট্যাবলেট ফাংশনাল সচলতা/ সঠিকতা যাচাইপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া কতৃক প্যাকিং করা হয়েছে। বিতরণ পরবর্তী কোনো ত্রুটি দেখা দিলে তা পরিবর্তন করার সুযোগ নেই। ট্যাবলেট সরবরাহকৃত প্রতিষ্ঠান ওয়ালটন এর সাথে চুক্তি অনুযায়ী ট্যাবলেট, ব্যাটারি ও অন্যান্য আনুষঙ্গিক উপকরণের উপর ০১ জুন ২০২৪ খ্রি. ওয়ারেন্টি রয়েছে। উক্ত সময়ের মধ্যে ট্যাবলেট রক্ষণাবেক্ষণে কোন ত্রুটি দেখা দিলে ওয়ালটনের সার্ভিস সেন্টারে যোগাযোগ করে প্রয়োজনীয় সার্ভিস নেওয়া যাবে। সেক্ষেত্রে অন্য কোন কাগজ-পত্র প্রয়োজন হবে না।
- ৩। ট্যাবলেটে ব্যবহৃত রবি সিম জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের নামে নিবন্ধিত তাই সংশ্লিষ্ট শিক্ষার্থীর জাতীয় পরিচয় পত্র না থাকলে তার পিতা/মাতা/আইনানুগ অভিভাবক (প্রয়োজ্য ক্ষেত্রে) এর নামে বিনা খরচে রবির যে কোনো সার্ভিস পয়েন্ট/সেন্টার থেকে বাধ্যতামূলকভাবে নিবন্ধন করে নিতে হবে।
- ৪। ট্যাবলেটসমূহ সরকারি সম্পদ। কোনো কারণে চুরি বা হারিয়ে গেলে দ্রুত নিকটস্থ থানায় জিডি (আইএমইআই নম্বর উল্লেখপূর্বক) করে আইনের সহায়তা নিতে হবে। উক্ত ডিভাইস অন্যান্য/বেআইনি/রাষ্ট্রবিরোধী কাজে ব্যবহৃত হলে সংশ্লিষ্ট ব্যক্তি দায়ী থাকবেন।
- ৫। দেশের তরুণ ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে তথ্য-প্রযুক্তি বিষয়ে আগ্রহ সৃষ্টি তথা স্বশিক্ষন, অনলাইন লার্নিং, ওপেন লার্নিং, ডিসটেন্স লার্নিং, ভার্টুয়াল লার্নিং, ব্লেণ্ডেড লার্নিং-কে উৎসাহিত করার লক্ষ্যে ট্যাবলেটসমূহ বিতরণ করা হচ্ছে। উক্ত ডিজিটাল ডিভাইস শিক্ষণীয় কাজে ব্যবহারের নির্দেশনা মেনে চলতে হবে।
- ৬। প্রয়োজনীয় পরামর্শের জন্য জেলা পরিসংখ্যান কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর সাথে যোগাযোগ করবেন।  
মেইল- [bbsbrahmanbaria@gmail.com](mailto:bbsbrahmanbaria@gmail.com), ফোনঃ ০২-৩৩৪৪৩০৪৫৫

## ধন্যবাদ



জেলা পরিসংখ্যান কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প  
পরিসংখ্যান ভবন (২য় তলা)  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

## ট্যাবলেট বিতরণ ফরম

জেলাঃ

উপজেলাঃ

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে  
মাননীয় প্রধানমন্ত্রীর উপহার

শিক্ষার্থীদের জন্য ট্যাবলেট বিতরণ ফরম ও প্রাপ্তিস্বীকারপত্র

ট্যাবলেটের ব্র্যান্ড ও মডেল	ট্যাবলেটের সংখ্যা	সিমের সংখ্যা
Walton, Walpad 8g	০১ (এক)	০১ (এক)

প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মোবাইল নম্বরঃ.....

ক্রমিক	শিক্ষার্থীর নাম	বিভাগ ও মেথাক্রম	জন্ম নিবন্ধন নম্বর	পিতা/মাতার নাম ও মোবাইল নম্বর	ট্যাবলেটের আইএমইআই (IMEI) নম্বর	সিম (SIM) নম্বর	গ্রহীতার স্বাক্ষর ও তারিখ
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
৯ম শ্রেণি							
01							
02							
03							
১০ম শ্রেণি							
01							
02							
03							

প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)  
স্বাক্ষরসহ সীল

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস

পরিসংখ্যান কর্মকর্তা  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়

উপজেলা নির্বাহী কর্মকর্তা  
উপজেলার নাম